

স্মারক নম্বর: ৫৬.০৪.০৬০৩.০০০.২৫.০০১.২৩.০৫

তারিখ: ০৪ জৈষ্ঠ্য ১৪৩০ বঙ্গাব্দ
১৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান।

ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশের রূপান্তরের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক উন্নয়ন এবং দেশের মানব সম্পদকে বিশ্বমানের হিসেবে গড়ে তোলার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবকদের কর্মসংস্থানের নিমিত্ত বাবুগঞ্জ উপজেলায় ১৫ দিন ব্যাপী মোট ৪৫ ঘন্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আগ্রহী, দক্ষ ও মনযোগী বাবুগঞ্জ উপজেলার স্থায়ী নাগরিকদের নিম্নোক্ত সময়সূচি ও শর্তাবলী অনুসরণ পূর্বক নির্ধারিত ফরমে ও অনলাইনে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম: ডিজিটাল মার্কেটিং

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ২৯ মে ২০২৩, বিকাল ৪:০০

আবেদনপত্র জমা দেয়ার স্থান: উপজেলা আইসিটি কার্যালয়, উপজেলা পরিষদ কমপ্লেক্স (৩য় তলা), বাবুগঞ্জ, বরিশাল।

আবেদন ফরম প্রাপ্তিস্থান: babuganj.barisal.gov.bd অথবা doict.babuganj.barisal.gov.bd

অনলাইনে আবেদন লিংক: <https://forms.gle/3aeZbuGjLuKHcQPFA>


প্রশিক্ষার্থীর যোগ্যতা:

- ১) ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক।
- ২) নূন্যতম এইচ.এস.সি পাশ ও ইংরেজীতে দক্ষ হতে হবে।
- ৩) এম.এস.ওয়ার্ড, এক্সেল, ফটোশপ, ইলাস্ট্রেটর ও কম্পিউটার, পরিচালনায় দক্ষ।
- ৪) নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
- ৫) ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী হতে হবে।

প্রশিক্ষণের সুবিধা:

- প্রশিক্ষার্থীদের অভিজ্ঞ ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে কাজ করার সুযোগ থাকবে।
- মার্কেটপ্লেসে আউটসোর্সিং করে বৈদেশিক মুদ্রা আয়ের সুযোগ তৈরি হবে।
- প্রশিক্ষণ সমাপ্তে সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।

- প্রশিক্ষণের জন্য নির্ধারিত ফরমে অথবা অনলাইনে আবেদন করা যাবে।
- আবেদনকৃত প্রশিক্ষার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের কোন প্রশিক্ষণ ভাতা/আর্থিক সুবিধা প্রদান করা হবে না।
- প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যের জন্য নিয়মিত babuganj.barisal.gov.bd ও doict.babuganj.barisal.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।


(বিপ্লব চন্দ্র দেবনাথ)

সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
বাবুগঞ্জ, বরিশাল

মোবাইল: +৮৮০১৩০৩৬৪৩২৩৮

ই-মেইল: doictbabuganj@gmail.com